# অলকফ

শরবত তুলসী

**বিবরণ:** অলকফ একটি প্রাকৃতিক কফ এক্সপেকটোর‍্যান্ট (কফ নি:সারক) সিরাপ। এর ভেষজ উপাদান সমূহের মধ্যে বাসক *(Adhatoda vasica)* অন্যতম, যার একটি সক্রিয় উপাদান হলো ভ্যাসিসিন *(vasicine)*। এ ভ্যাসিসিনকে সংশ্লেষণ করলেই পাওয়া যায় সিন্থেটিক ঔষধের সক্রিয় উপাদান ব্রোমোহেক্সিন হাইড্রোক্লোরাইড, যা মিউকোলাইটিক (কফ তরল করে বের করে দেয়) ক্রিয়া প্রদর্শন করে। এটা শুষ্ক কাশিতে ত্বরিৎ আরামদায়ক। এর শান্তকারক, প্রদাহবিরোধী এবং কফ দূরকারক বৈশিষ্ট্যের জন্য এটা গলা এবং শ্বাসতন্ত্রের উপরিভাগে মিউকসাকে সংকোচন থেকে রক্ষা করে।

**উপাদান: প্রতি ৫ মিলি অলকফ সিরাপে আছে নিম্নোক্ত ভেষজের নির্যাস**

| ক্র. নং. | উপাদানের নাম | পরিমাণ |
|---|---|---|
| ১. | ওন্নাব ফল | ১০০ মি.গ্রা. |
| ২. | খাকসী বীজ | ১০০ মি.গ্রা. |
| ৩. | যূফা ফুল | ১০০ মি.গ্রা. |
| ৪. | তুলসী গাছ | ৫০ মি.গ্রা. |
| ৫. | পিপুল মূল | ৫০ মি.গ্রা. |
| ৬. | যাঞ্জাবীল (শুঁঠ) | ৫০ মি.গ্রা. |
| ৭. | বাসক পাতা | ২৫ মি.গ্রা. |
| ৮. | যষ্টিমধু | ১৫ মি.গ্রা. |

সূত্রঃ শরবত তুলসী, বা.জা.ই.ফ.।

**অলকফ সিরাপের ব্যবহৃত কিছু ভেষজ সমূহের ঔষধি গুণাগুন:**

**অলকফ** সিরাপ BNUF. অনুযায়ী তৈরী একটি কার্যকর কাশির সিরাপ। এটা কফ এক্সপেকটোর‍্যান্ট, এন্টি হিস্টামিন ও ননসেডেটিভ বৈশিষ্ট্য সমৃদ্ধ। এর প্রান্তিক কফ প্রশমনকারী ক্রিয়ার ফলে শ্বাসযন্ত্রের উত্তেজনা ও খিচুনি হ্রাস পায়। এটা শিশু, বৃদ্ধ সকলের জন্য ব্যবহার উপযোগী সিরাপ।

**ওন্নাব ফল:** এতে মিউসিলেজ এবং চিনি আছে। এটা পুষ্টিকারক এবং প্রশান্তিকারক, বিষনাশক, মুত্রবর্ধক, শান্তকারক ও কফ নিঃসারক। শুষ্কফল ব্যথানাশক, ক্যান্সার বিরোধী, ঠান্ডাকারক, নিদ্রাকারক, সংকোচনকারক এবং বলবর্ধক।

**খাকসী বীজ:** এর বীজ কফ নিঃসারক, বল সংরক্ষক এবং উদ্দীপক। হাঁপানি চিকিৎসায় এটা ব্যবহৃত হয়।

**যূফা ফুল:** ৪৭ প্রকারের কেমিক্যাল ইহা থেকে আইসোলেট করা হয় যা অয়েলের ৯৮.৬৫% তৈরী করে। এটা কফ উপশম করে। এটা থেকে প্রাপ্ত অয়েল নাক ও গলার প্রদাহ এবং হাঁপানিতে দ্রুত কফ নিঃসরন ঘটায়।

**তুলসী:** তুলসী পাতায় কিছু ইসেনশিয়াল অয়েল আছে, যাদের মাইকোব্যাকটেরিয়াম টিউবারকিউলোসিস, স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস, অন্যান্য ব্যাকটেরিয়া এবং ছত্রাকের বিরুদ্ধে জীবানুবিরোধী কার্যকারিতা আছে। ইহার পাতা দ্বারা তৈরী চা সাধারণ সর্দিকাশি ও পেটের পীড়ায় ব্যবহৃত হয়। এটা টপিক্যাল ইয়োসিনোফেলিয়া ও শ্বাসকষ্টের দ্রুত উপশম ঘটায়। এটা সাধারণত ব্রনকিয়াল এ্যাজমাতে ব্যবহৃত হয়।

**বাসক:** বাসক পাতায় ইসেনশিয়াল অয়েল ও কিছু উপক্ষার আছে যেমন: ভ্যাসিসিন, ভ্যাসিসিন এর এন-অক্সাইড, ভ্যাসিসিনন, ডিঅক্সিভ্যাসিসিন এবং মায়োনটন। শত শত বছর ধরে এর পাতার নির্যাস শ্বাসনতন্ত্রের প্রদাহ ও হাঁপানির চিকিৎসায় ব্যবহৃত হচ্ছে। এটা কফ্ বের করে দেয় এবং শ্বাসকষ্ট দূর করে।

**রোগ নির্দেশনা:** কাশি, বুকের কফ, সর্দি ও ইনফ্লুয়েঞ্জাজনিত কাশি, হুপিং কফ, শ্বাসকষ্ট, হাঁপানি, ফুস্‌ফুসের দুর্বলতা ।

**সেবনবিধি ও সেবনমাত্রা:** শিশু: ১/২-১ চা চামচ করে ২-৩ বার, প্রাপ্তবয়স্ক: ২ চা চামচ করে দিনে ২-৩ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**পার্শ্ব-প্রতিক্রিয়া:** মাত্রা অনুযায়ী সেবন করলে কোন পার্শ্ব-প্রতিক্রিয়া হয় না।

**গর্ভাবস্থায়:** ইউনানী কফ সিরাপ অলকফ গর্ভাবস্থায় সেবন করলে কোন সমস্যা হয় না।

**সরবরাহ:** প্রতিটি পেট বোতলে আছে ১০০ মি.লি. এবং ২০০ মি.লি. অলকফ সিরাপ।

IBN SINA

প্রস্তুতকারক:

**দি ইবনে সিনা ন্যাচারাল মেডিসিন লিঃ**

(ইউনানী বিভাগ), সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।